গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা
# (নবায়নকৃত)
# চাটমোহর উপজেলা
# পাবনা জেলা

কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

**নবায়নকৃত উপজেলা নির্দেশিকা সিরিজ-৩৬৩**

**প্রকাশনায়ঃ**
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি মন্ত্রণালয়
কৃষি খামার সড়ক
ঢাকা-১২১৫।

**প্রথম প্রকাশঃ**
পৌষ, ১৩৯৯ বঙ্গাব্দ
জানুয়ারি, ১993 খ্রিস্টাব্দ

**প্রথম সংস্করণ ঃ**
চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

**মুদ্রণ ঃ**
জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
মে, ২০২২ খ্রিস্টাব্দ

**মুদ্রণে ঃ**
রিমিনি ইন্টারন্যাশনাল
২৯১/বি, ফকিরাপুরল, মতিঝিল, ঢাকা-১০০০
মোবাইল ঃ ০১৮১৯-২০১৬৫৮

# চাটমোহর উপজেলার ভূমি ও মৃত্তিকা সম্পদের সার-সংক্ষেপ

চাটমোহর উপজেলার মোট বিস্তৃতি ৩০,৬৯৯ হেক্টর। এ উপজেলার **১১** টি ইউনিয়ন ও **১**টি পৌরসভায় **২০১১** সালের আদমশুমারী অনুযায়ী মোট ২,৮৭,৭৯০ জন লোক বাস করে। উপজেলাটি মৌসুমী জলবায়ুর অন্তর্গত**'গংগা পললভূমি' ও 'তিস্তা পললভূমি'** নামক ভূপ্রকৃতি অঞ্চল নিয়ে গঠিত। উপজেলার চাষাবাদ বৃষ্টি নির্ভর হলেও উল্লেখযোগ্য অংশে সেচ দিয়ে বিভিন্ন প্রকার ফসল বিশেষ করে সরিষা, পেঁয়াজ, রসুন, শিম, গাজর, টমেটো, মুলা, আখ, ডাল জাতীয় ফসল এবং শাক-সব্জির চাষ করা হয়। চাটমোহর উপজেলার শিম ও সরিষা ক্ষেতে মৌচাষের মধু সারা দেশের জন্য বিখ্যাত। বর্তমান সময়ে এ উপজেলায় বিনা চাষে সরিষা, রসুন, পেঁয়াজ গোখাদ্য-প্যারা, নেপিয়ার, জার্মান ঘাস, খেসারী ও ভুট্টা চাষ সম্প্রসারণ বেশ এগিয়েছে।

উপজেলার ভূমি, মৃত্তিকা এবং বর্তমান ফসল বিন্যাস-এর তথ্যাবলি নিম্নে দেয়া হলো।

## (১) ভূমি শ্রেণির আয়তন ও শতকরা হার

| ভূমি শ্রেণি | আয়তন (হেক্টর) | শতকরা হার |
|---|---|---|
| উঁচু জমি | ৫,৪৬৬ | ১৭.৮ |
| মাঝারি উঁচু জমি | ৭,৮৯৩ | ২৫.৭ |
| মাঝারি নিচু জমি | ৬,৪৪৩ | ২১.০ |
| নিচু জমি | ৩,৮৬৮ | ১২.৬ |
| অতি নিচু জমি | ৭৭৯ | ২.৫ |
| বিবিধ (বসতবাটি, নদী, পুকুর জলাশয় ও অন্যান্য) | ৬,২৫০ | ২০.৪ |
| মোট | ৩০,৬৯৯ | ১০০.০ |

## (২) মৃত্তিকার উপরিস্তরের বুনটের আয়তন ও শতকরা হার

| বুনট শ্রেণি | আয়তন (হেক্টর) | শতকরা হার |
|---|---|---|
| দোআঁশ | ৫,২২৭ | ১৭.০ |
| এটেল দোআঁশ | ৬,৯০৪ | ২২.৫ |
| এটেল | ১২,৩১৮ | ৪০.১ |
| বিবিধ (বসতবাটি, নদী, পুকুর, জলাশয় ও অন্যান্য) | ৬,২৫০ | ২০.৪ |
| মোট | ৩০,৬৯৯ | ১০০.০ |

## (৩) ভূমি শ্রেণিভিত্তিক মৃত্তিকা দলের আয়তন ও শতকরা হার

| ভূপ্রকৃতি | মৃত্তিকা দল | ভূমি শ্রেণি | আয়তন (হেক্টর) | শতকরা হার |
|---|---|---|---|---|
| গংগা পললভূমি | সারা | উঁচু জমি | ২,৬৬৪ | ৮.৭ |
| | গোপালপুর | উঁচু জমি | ২,৩৬৬ | ৭.৭ |
| | | মাঝারি উঁচু জমি | ২,৬৫৮ | ৮.৭ |
| | ঈশ্বরদী | মাঝারি উঁচু জমি | ৩,২৯৫ | ১০.৭ |
| | ঘিওর | মাঝারি উঁচু জমি | ১,২২৮ | ৪.০ |
| | | মাঝারি নিচু জমি | ৩,৫১৭ | ১১.৫ |
| | | নিচু জমি | ১,৪৭৪ | ৪.৮ |
| | বাটরা | মাঝারি নিচু জমি | ১,২৭৮ | ৪.২ |
| | | নিচু জমি | ১,৪৭০ | ৪.৮ |
| | | অতিনিচু জমি | ৭৭৯ | ২.৫ |
| তিস্তা পললভূমি | জামুন | মাঝারি উঁচু জমি | ১৯৭ | ০.৬ |
| | আমগাঁও | মাঝারি উঁচু জমি | ৫১৫ | ১.৭ |
| | উলিপুর | মাঝারি উঁচু জমি | ১,২৩৭ | ৪.০ |
| | লশকরা | মাঝারি নিচু জমি | ৪১১ | ১.৩ |
| | | নিচু জমি | ৯২৪ | ৩.০ |
| | ভিটি মাটি | উঁচু জমি | ৪৩৬ | ১.৪ |
| | বিবিধ(বসতবাটি, নদী, পুকুর জলাশয় ও অন্যান্য | | ৬,২৫০ | ২০.৪ |
| | | মোট | ৩০,৬৯৯ | ১০০.০ |

## (৪) রবিখন্দে ভূপৃষ্ঠ থেকে পানি অপসারণ অবস্থা , আয়তন ও শতকরা হার

| রবিখন্দে ভূপৃষ্ঠ থেকে পানি অপসারণ অবস্থা | আয়তন (হেক্টর) | শতকরা হার |
|---|---|---|
| **অতি আগাম** (আশ্বিন মাসের মধ্যে পানি সরে যায়) | ৫,৪৬৬ | ১৭.৮ |
| **আগাম** (কার্তিক মাসের মধ্যে পানি সরে যায়) | ৭,৮৯৩ | ২৫.৭ |
| **স্বাভাবিক** (অগ্রহায়ণ মাসের মধ্যে পানি সরে যায়) | ৬,৪৪৩ | ২০.৯ |
| **দেরি** (পৌষ মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে পানি সরে যায়) | ৩,৮৬৮ | ১২.৬ |
| **অতি দেরি** পৌষ মাসের দ্বিতীয় সপ্তাহের পর পানি সরে যায়) | ৭৭৯ | ২.৬ |
| বিবিধ (বসতবাটি, নদী, পুকুর জলাশয় ও অন্যান্য) | ৬,২৫০ | ২০.৪ |
| মোট | **৩০,৬৯৯** | ১০০.০ |

## (৫) নিষ্কাশন শ্রেণি অনুযায়ী ভূমির আয়তন ও শতকরা হার

| নিষ্কাশন শ্রেণি | আয়তন (হেক্টর) | শতকরা হার |
|---|---|---|
| **কিঞ্চিৎ মন্দ নিষ্কাশিত জমি**(বর্ষাকালে এক নাগাড়ে ১৫ দিনের কম পানি জমে থাকে) | ৫,৪৬৬ | ১৭.৮ |
| **মন্দ নিষ্কাশিত জমি**(বর্ষাকালে এক নাগাড়ে ১৫ দিনের বেশি থেকে ৭/৮ মাস পানি জমে থাকে) ) | ১৮,২০৪ | ৫৯.৩ |
| **অতি মন্দ নিষ্কাশিত জমি** (বর্ষাকালে এক নাগাড়ে ৮ মাসের বেশি পানি জমে থাকে) | ৭৭৯ | ২.৫ |
| বিবিধ (বসতবাটি, নদী, পুকুর জলাশয় ও অন্যান্য) | ৬,২৫০ | ২০.৪ |
| মোট | **৩০,৬৯৯** | **১০০.০** |

**(৬) প্রধান প্রধান বর্তমান ফসল বিন্যাসের আয়তন ও শতকরা হার**

| বর্তমান ফসল বিন্যাস | আয়তন (হেক্টর) | শতকরা হার |
|---|---|---|
| (গম/ সরিষা/ আলু-বোরো-রোপা আমনা) | ৫৫২ | ১.৮ |
| পেয়াঁজ/রসুন-রোপা আউশ-রোপা আমন | ২,৭০১ | ৮.৮ |
| সরিষা-বোরো/রোপা আউশ-রোপা আমন | ১,১০৫ | ৩.৬ |
| খেসারী-রোপা আউশ-রোপা আমন | ২,৪৮৬ | ৮.১ |
| মসুর/খেসারী-বোরো | ৬১ | ০.২ |
| রসুন/পেয়াঁজ-পাট/তিল-রোপা আমন | ২,২৮০ | ৭.৪ |
| বোরো-পতিত-রোপা আমন | ২,১৪৯ | ৭.০ |
| রসুন-পাট-বোনা আমন | ১,২৮৯ | ৪.২ |
| সরিষা -বোরো-পতিত | ২,৩৯৫ | ৭.৮ |
| মিশ্র সরিষা ও খেসারী-বোরো | ২,৪৫৬ | ৮.০ |
| বোরো-পতিত | ১,২৫৯ | ৪.১ |
| সরিষা-বোরো-বোনা আমন | ৮২৯ | ২.৭ |
| খেসারী/তিল-বোনা আউশ-পতিত | ২১৫ | ০.৭ |
| রবিশস্য (সিম/সরিষা/মসুর/খেসারী) | ১,৭১৯ | ৫.৬ |
| বিবিধ(অন্যান্য ফসল বিন্যাস) | ২,৫১৭ | ৮.২ |
| ভিটি মাটি | ৪৩৬ | ১.৪ |
| বিবিধ (বসতবাটি, নদী, পুকুর জলাশয় ও অন্যান্য) | ৬,২৫০ | ২০.৪ |
| মোট | ৩০,৬৯৯ | ১০০.০ |

চাটমোহর উপজেলা মৌসুমী জলবায়ুর অন্তর্গত **'উচ্চ গংগা পললভূমি' (১১)** ও **'তিস্তা পললভূমি' (৩)** নামক কৃষি জলবায়ু অঞ্চল নিয়ে গঠিত।মৃত্তিকা দল ও ভূমি শ্রেণি অনুসারে প্রতি ২০০ হেক্টরে ১টি মৃত্তিকা নমুনা হিসাবে মোট ১৫৬টি মৃত্তিকা নমুনা সংগ্রহপূর্বক রাসায়নিক বিশ্লেষণ করা হয়। বিশ্লেষিত ফলাফলে লক্ষ্য করা যায় যে, এ উপজেলার মাটিতে নাইট্রোজেন, ফসফরাস, পটাসিয়াম, দস্তা, বোরণ ও জৈব পদার্থের ঘাটতি রয়েছে। ২০২০ সালে জরিপকালীন সময়ে এ উপজেলায় প্রধান প্রধান ১২টি ফসল বিন্যাস শনাক্ত করা হয়েছে। এ উপজেলায় রবি ও খরিফ সব্জি, সরিষা, পেঁয়াজ, রসুন, সীম, ভুট্টা, বোরো ইত্যাদি ফসলের প্রাধান্য আছে। তাছাড়াও এলাকায় সাংবাৎসরিক ফসল লিচু, কুল, পেয়ারা, ইক্ষু/কলার চাষ করা হয়। ভূগর্ভস্থ পানি ব্যবহার করে অধিকাংশ এলাকা সেচের আওতায় আনা হয়েছে। চলনবিল অধ্যুসিত ছাইকোলা, হান্ডিয়াল, নিমাইচরা, পার্শ্বডাঙ্গা ও বিলচলন ইউনিয়নে বেশ কিছু বিল যেমন কুড়ালিয়া, খাইসাগাড়ী, দিগজের বিল ও মজা পুকুর/খাল রয়েছে। খাল, বিল, পুকুর ও জলমহাল ব্যবহার করে মৎস্য চাষের ব্যাপক সম্প্রসারণের সম্ভাবনা রয়েছে। উপজেলার উত্তরাংশে আত্রাই ও কাটা করতোয়া  নদী প্রবাহিত রয়েছে। উক্ত নদীর পানি ব্যবহার করে ভূপৃষ্ঠস্থ সেচ ব্যবস্থার প্রসার ঘটানো যেতে পারে। এ এলাকায় রতনাই, বড়াল, গুমানী ও চিকনাই নদীর পানি সংযোগ খাল কেটে পানি সংরক্ষণপূর্বক সেচ ব্যবস্থার প্রসার লাভ করার মাধ্যমে ফসলের নিবিড়তা বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করা আবশ্যক।